

# যুগান্তর

প্রিন্ট: ২৩ জুন ২০২৬, ১০:৩৩ এএম

অন্যান্য

## এমপিওর দাবিতে শিক্ষকদের 'ভুখা মিছিল'

Advertisement



যুগান্তর প্রতিবেদন


প্রকাশ: ২২ জুন ২০২৬, ০৮:৩২ পিএম



ছবি: সংগৃহীত




লাইভ

 জর্ডান

১ - ১


গ্রুপ জে

আলজে... 

মঙ্গলবার ২৩ জুন ২০২৬


### পরবর্তী খেলাসমূহ

মঙ্গলবার ২৩ জুন ২০২৬

 পর্তুগাল


-

[গ্রুপ কে] রাত ১১টা

উজবে... 

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

বুধবার ২৪ জুন ২০২৬

 ইংল্যান্ড

-

[গ্রুপ এল] রাত ২টা

ঘানা 

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে লাগাতার অবস্থান কর্মসূচির ১৬তম দিনে 'ভুখা মিছিল' করেছেন শিক্ষক-কর্মচারীরা।

সম্মিলিত নন-এমপিও ঐক্য পরিষদের উদ্যোগে সোমবার (২২ জুন) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে এই মিছিল বের হয়।

মিছিলে সারা দেশ থেকে আসা কয়েকশ নন-এমপিও শিক্ষক-কর্মচারী ব্যানার, ফেস্টুন, বই-খাতা, কলম এবং শূন্য থালা হাতে নিয়ে অংশগ্রহণ করেন।

মিছিলটি জাতীয় প্রেস ক্লাব থেকে শুরু হয়ে পল্টন মোড় প্রদক্ষিণ করে পুনরায় অবস্থান কর্মসূচিস্থলে এসে শেষ হয়। এ সময় শিক্ষকরা ‘একদফা এক দাবি, এমপিও দিতে হবে’, ‘এমপিও না নিয়ে ঘরে ফিরে যাব না’সহ বিভিন্ন স্লোগান দেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে সংগঠনের সভাপতি প্রিন্সিপাল সেলিম মিয়া বলেন, দীর্ঘদিন ধরে দেশের স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানগুলো চরম বৈষম্যের শিকার। শিক্ষার উন্নয়নে এই প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও শিক্ষকরা দুই যুগেরও বেশি সময় ধরে বেতন-ভাতা থেকে বঞ্চিত। আমরা বিগত সরকারের রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে এমপিও থেকে বঞ্চিত ছিলাম।

তিনি বর্তমান সরকারকে শিক্ষাবান্ধব উল্লেখ করে অবিলম্বে সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবি জানান। অন্যথায় আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেওয়া হবে বলে উল্লেখ করে সেলিম মিয়া বলেন, নন-এমপিও খাতের বরাদ্দের টাকা অন্য খাতে নেওয়া অন্যায্য। বর্তমান দেশের শিক্ষা খাতের সবচেয়ে যৌক্তিক ও প্রধান দাবি হলো এই প্রতিষ্ঠানগুলোর এমপিওকরণ।

কর্মসূচিতে আরও বক্তব্য দেন- সংগঠনের সমন্বয়ক অধ্যক্ষ মো. মনিমুল হক, অধ্যক্ষ মো. আব্দুস সালাম, অধ্যক্ষ মো. বাকিবিল্লাহ প্রমুখ।